

মির্জাপুর মহিলা কলেজের অধ্যক্ষ সাসপেন্ড

টাঙ্গাইল প্রতিনিধি

৩ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৩ জুলাই ২০১৯ ০১:১৯



আমাদের মমতা

টাঙ্গাইলের মির্জাপুরে দুই স্কুলছাত্রীর শ্লীলতাহানির অভিযোগে মির্জাপুর মহিলা কলেজ অধ্যক্ষ হারুন অর রশিদকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এ ছাড়া অভিযোগের বিষয়ে ১৫ কার্যদিবসের মধ্যে তাকে কারণ দর্শাতে বলা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে কলেজ পরিচালনা পরিষদের সভাপতি জাকির হোসেন এ তথ্য জানান। শ্লীলতাহানির ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে গত ২৪ জুন কলেজ পরিচালনা পরিষদের সভায় অধ্যক্ষ হারুন রশিদকে সাময়িক বরখাস্ত করা হয়। গত ২০ ডিসেম্বর দুপুর ১২টার দিকে মির্জাপুর মহিলা কলেজের অধ্যক্ষ হারুন অর রশিদ কলেজের একটি কক্ষে আটকিয়ে দুই স্কুলছাত্রীকে শ্লীলতাহানি করেন বলে দুই স্কুলছাত্রীর মা মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ করেন। ঘটনাটির সত্যতা উদ্ঘাটনের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল মালেক উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হারুন অর রশিদকে প্রধান করে তিনি সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন। কমিটির অপর দুই সদস্য হলেন উপজেলা ক্ষুধা কর্মকর্তা মশিউর রহমান ও মহিলাবিষয়ক কর্মকর্তা মিনু পারভীন। ভুক্তভোগী দুই স্কুলছাত্রী ও তাদের মা, প্রত্যক্ষদর্শী ও অধ্যক্ষ হারুন অর রশিদের বক্তব্য গ্রহণ করে ঘটনার সত্যতা পায়। পরে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য প্রতিবেদন উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে দাখিল করেন। মির্জাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল মালেক জানান, গঠিত কমিটির তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় অধ্যক্ষ হারুন অর রশিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়েছিল। মির্জাপুর মহিলা কলেজ পরিচালনা পরিষদের সভাপতি জাকির হোসেন বলেন, কমিটির সুপারিশের ভিত্তিতে কলেজ পরিচালনা পরিষদের সভায় অধ্যক্ষ হারুন অর রশিদকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এ ছাড়া ১৫ দিবসের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে। উপযুক্ত কারণ দর্শাতে ব্যর্থ হলে তাকে স্থায়ীভাবে বরখাস্ত করা হবে। এদিকে ভিকটিমের মা অভিযুক্তের বিরুদ্ধে আদালতে একটি মামলা করবেন বলেও জানিয়েছেন।